

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০০৮

৬. কুরবানী অধ্যায় (كتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ১০. উত্তমভাবে যবেহ করা প্রসঙ্গে

بَاب فِي حُسْنِ الذَّبِيحَةِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُفَ عَنْ سُفْيَانَ عَنْ خَالِدِ الْحَذَّاءِ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْأَشْعَثِ الصَّنَعَانِيِّ عَنْ شَدَّادِ بْنِ أَوْسٍ قَالَ حَفِظْتُ مِنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اثْنَتَيْنِ قَالَ إِنَّ اللَّهَ كَتَبَ الْإِحْسَانَ عَلَى كُلِّ شَيْءٍ فَإِذَا قَتَلْتُمْ فَأَحْسِنُوا الْقِتْلَةَ وَإِذَا ذَبَحْتُمْ فَأَحْسِنُوا الذَّبْحَ وَلِيُحَدِّثْ أَحَدُكُمْ شَفْرَتَهُ ثُمَّ لِيُرِحْ ذَبِيحَتَهُ

বাংলা

২০০৮. শাদ্দাদ ইবনু আউস রাযিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হতে দু'টো বিষয় মুখস্ত রেখেছি। তিনি বলেন: “নিশ্চয়ই আল্লাহ তা'আলা প্রতিটি জিনিসের প্রতি দয়া-অনুগ্রহ প্রদর্শন করাকে ফরয করেছেন। অতএব তোমরা (কোন কিছু) হত্যা করলে উত্তম পন্থায় হত্যা করবে; আর (কোনোকিছু) যবেহ করলেও উত্তম পন্থায় যবেহ করবে। তোমাদের মধ্যে কেউ (যবেহ করলে) যেন তার ছুরিকে ভালভাবে ধারালো করে নেয় এবং যবেহ করার পশুটিকে আরাম দেয়।”[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ। হাদীসটিও সহীহ।

তাখরীজ: মুসলিম, সাইদ ১৯৫৫; ((আবু দাউদ, আযাহী ২৮১৫; তিরমিযী, দিয়াত নং ১৪০৯; নাসাঈ, যাহাইয়া ৭/২২৭; ইবনু মাজাহ, যাবাইহ ৩১৭০-ফাওয়ায আহমেদের তাহকীককৃত দারেমী নং ১৯৭০ এর টীকা হতে।— অনুবাদক))

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৮৮৩-৫৮৮৪ তে।

এছাড়াও তাবারানী, আওসাত ২/১০৫; তার সূত্রে খতীব বাগদাদী, তারীখ বাগদাদ ৫/২৭৮ ও সাহমী, তারীখ

জুরজান পৃ: ৩৮৬ তে। আরও দেখুন, তালখীসুল হাবীর ৪/১৪৩ ও নাসবুর রায়াহ ৪/১৮৭-১৮৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ শাদ্দাদ ইবনু আওস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=82291>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন